১ম কোয়ার্টারের কার্যবিবরণী

**৩০-০৯-২০২০ খ্রি. সকাল ১১.০০ টায় জুম ব্যবস্থাপনায় অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ নাজমুল আহসান, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা ও সভাপতি, পেট্রোবাংলা নৈতিকতা কমিটি।
সভার তারিখঃ ৩০-০৯-২০২০খ্রি.
সভার সময়ঃ সকাল ১১.০০ টা
স্থানঃ জুম ব্যবস্থাপনায়।
উপস্থিতিঃ পেট্রোবাংলা এবং এর অধীনস্থ ১৩ (তের) কোম্পানির শুদ্ধাচার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

১. সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় চলতি ২০২০-২০২১ অর্থবছরের ১ম কোয়ার্টারে পেট্রোবাংলা নৈতিকতা কমিটি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার গৃহীত লক্ষ্যমাত্রাসমূহের উপরে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। প্রতি কোয়ার্টারে একটি করে সভা আয়োজন করার বিষয়ে সভাপতি বলেন যে, সভা আয়োজন করার পর সভায় কিছু সিদ্ধান্ত থাকে সে সিদ্ধান্তের বাস্তবায়ন একই কোয়ার্টারের মধ্যে ন্যূনতম ৮০% সম্পন্ন করতে হবে, সেক্ষেত্রে সভাটি শেষ দিকে না করে প্রথমদিকে করলে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা সহজ হবে। উক্ত নির্দেশনা অনুযায়ী পরবর্তী সভা আয়োজনের জন্য ফোকাল পয়েন্ট, সংশ্লিষ্ট কমিটিকে অবহিত করেন।

২. উপ-মহাব্যবস্থাপক(এইচআর) কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন করেছে বলে সভায় অবহিত করেন। সে সাথে পরিচালক অর্থ বলেন যে, উক্ত প্রশিক্ষণে উনি উপস্থিত ছিলেন। সেখানে জ্বালানি বিভাগের অতিরিক্ত সচিব (অপারেশন) ,যুগ্মসচিব (প্রশাসন) এবং পেট্রোবাংলার জনাব নাসিমুল আলীম, উপ-মহাব্যবস্থাপক প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ প্রদান করেন। তিনি আরও বলেন যে, প্রশিক্ষণটি সন্তোষজনক ছিল। সভাপতি উল্লেখ করেন যে, প্রয়োজনে বেশী বেশী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং পরবর্তী প্রশিক্ষণসমূহ সঠিক সময়ে সম্পন্ন করার উদ্যোগের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.পলিসি ফর ডিসপোজাল অব অ্যাসেটস "(Policy for Disposal of Assets) এবং গৃহ নির্মাণ ঋণ সংশোধন "দুইটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা। যেহেতু ৩০/৬/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে মর্মে কর্মপরিকল্পনায় উল্লেখ রয়েছে, সে অনুযায়ী সংশ্লিষ্টগণ পুরো কাজের মাসভিত্তিক ছক তৈরীপূর্বক কমিটির ফোকাল পয়েন্টের নিকট জমা প্রদান করবেন। এ ক্ষেত্রে ফোকাল পয়েন্ট মহাব্যবস্থাপক (প্রশাসন) বরাবরে পত্র প্রেরণ করবেন।

৪. অনলাইনভিত্তিক সকল কাজ সংস্থার আইটি ডিপার্টমেন্ট এবং ফোকাল পয়েন্ট যৌথভাবে সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন করবেন মর্মে সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন।

৫. পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ-এর বিষয়ে পরিচালক (প্রশাসন) জানতে চাইলে মহাব্যবস্থাপক প্রশাসন বলেন যে, ক্রয় শাখা সকল শাখা/বিভাগে ক্রয় পরিকল্পনাপূর্বক প্রশাসন বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা থাকলেও দু-একটি বিভাগ/ছাড়া তথ্য পাওয়া যায়নি। আলোচ্য ক্রয় পরিকল্পনাটি ৩০-০৯-২০২০ এর মধ্যে সম্পন্ন করত: পেট্রোবাংলার ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করা হয়।

৬. স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন সিটিজেনস্ চার্টারের বিষয়ে মহাব্যবস্থাপক প্রশাসন বলেন যে, আমাদের সিটিজেনস্ চার্টার নতুনভাবে প্রণয়ন করা হলেও কেবিনেট বিভাগের নির্দেশনা অনুযায়ী সময়ে সময়ে সংশোধন করার প্রয়োজনীয়তা রয়েছে।

৭. শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন পর্বে সংস্থার শাখা, বিভাগ ও আওতাধীন কোম্পানিতে মোট ২০টি পরিদর্শনের মধ্যে ১ম কোয়ার্টারে ৫টি পরিদর্শন সম্পন্ন করার জন্য নির্ধারিত ছিল। সে প্রেক্ষিতে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট এবং সদস্যবৃন্দ পেট্রোবাংলায় অবস্থিত ৪টি লিয়াজোঁ অফিস, পেট্রোবাংলার এলএনজি সেল পরিদর্শন করা হয়েছে। শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শনকালে নৈতিকতা কমিটির সদস্যদের পক্ষ হতে নির্দেশিত হয়ে বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি এবং বিজিএফসিএল লিয়াজোঁ অফিসের কিছু অব্যবস্থাপনা সংশোধন করে পত্রদ্বারা অবহিত করেছে মর্মে সভায় উপস্থাপন করা হয়।

৮.সভায় উপস্থাপন করা হয় যে, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী আগামী ৩০-১২-২০২০ এর মধ্যে ৮০% নথির শ্রেণি বিন্যাসকরণ সম্পন্ন করতে হবে এবং ২০২০-২০২১ অর্থবছরের ৩০-০৬-২০২১ এর মধ্যে শ্রেণিবিন্যাসকৃত নথির মধ্যে বিনষ্টযোগ্য নথি সমূহের অন্তত: ৬০% বিনষ্ট করার ব্যবস্থা নিতে হবে। এ ক্ষেত্রে মহাব্যবস্থাপক প্রশাসনকে তদারকি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৯. সভায় উপস্থাপন করা হয় যে, ২য় ও ৪র্থ কোয়ার্টারে ১টি করে প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন করতে হবে। সেইক্ষেত্রে বিপণন কোম্পানির মধ্যে ২টি প্রতিষ্ঠান এ আয়োজন করতে পারে। প্রাতিষ্ঠানিক গণশুনানি সম্পন্ন করার জন্য কমিটির ফোকাল পয়েন্ট দুটি বিপণন কোম্পানিকে পত্রদ্বারা বিষয়টি অবহিত করবেন।

১০. এছাড়া বছর ভিত্তিক অন্যান্য যেসব কার্যক্রম এ কর্মপরিকল্পনায় রয়েছে সংশ্লিষ্ট বিভাগ, প্রতিষ্ঠান এবং ফোকাল পয়েন্ট স্ব উদ্যোগে সেসব কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করবে এবং বছর ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী কোমলমতি শিক্ষার্থীদের জন্য স্কুলে সততা স্টোর স্থাপন, প্রিপেইড মিটার স্থাপন, পত্র পত্রিকায় বিজ্ঞপ্তি/বিজ্ঞাপনে দুর্নীতিবিরোধী একটি করে ছড়া, নীতিবাক্য, নীতিকথা ইত্যাদি প্রচার করার উদ্যোগ গ্রহণ, প্রনোদনা প্রদান, ফাইল স্ক্যানার ক্রয়, টয়লেট ব্যবস্থাপনার উন্নয়ন , ইত্যাদি কার্যাদি সম্পন্ন করতে হবে।

১১. অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে সভাপতির উপস্থাপিত প্রশ্নের বিপরীতে নৈতিকতা কমিটির সদস্য অবহিত করেন যে, ২০২০-২০২১ অর্থ বছরে মোট ৪টি সভা আয়োজন করতে হবে। এর মধ্যে ১ম কোয়ার্টারে ১টি সভা আয়োজনের জন্য নির্ধারিত ছিল। সভাটি ইতোমধ্যে উৎপাদন ও বিপণন বিভাগ আয়োজন করেছে। বাকী ৩টি সভা নির্দিষ্ট সময়ের মধ্যে আয়োজন করতে পারলে আমাদের লক্ষ্যমাত্রা অর্জিত হবে।

১২. নৈতিকতা কমিটির একজন সদস্য উল্লেখ করেন যে, শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত কমিটির বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিবছর অর্থ বরাদ্দ থাকে। পেট্রোবাংলার শুদ্ধাচার কর্ম পরিকল্পনার আওতায় গৃহীত কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে সম্পাদনের নিমিত্ত ২০২০-২০২১ অর্থ বছরে নৈতিকতা কমিটির জন্য ০৮ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে মর্মে মহাব্যবস্থাপক (অর্থ) সভাকে অবহিত করেন।

<u>সিদ্ধান্তঃ</u>

১. শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সভা আয়োজন কোয়ার্টারের শেষ দিকে না করে প্রথম দিকে করতে হবে।
কার্যব্যবস্থায়ঃ ফোকাল পয়েন্ট, সংশ্লিষ্ট কমিটি।

২. ৩০-৯-২০২০ এর মধ্যে ক্রয় পরিকল্পনা প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
কার্যব্যবস্থায়ঃ ফোকাল পয়েন্ট, ক্রয় শাখা এবং আইটি।

৩. কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগ কার্যকরী ভূমিকা গ্রহণ করবে।
কার্যব্যবস্থায়ঃ মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (সেবা,) ক্রয় (শাখা), মেডিকেল এবং ফোকাল পয়েন্ট, সংশ্লিষ্ট কমিটি।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাজমুল আহসান)
পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা
ও
সভাপতি, পেট্রোবাংলা নৈতিকতা কমিটি।

<u>বিতরণঃ</u>

০১। ব্যবস্থাপনা পরিচালক (.................................................)
০২। পেট্রোবাংলার সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট/শাখা (.................................................)
০৩। পেট্রোবাংলা নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ (..........................................)

<u>অনুলিপিঃ</u>

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, পেট্রোবাংলা।
০২। সহকারী ব্যবস্থাপক/পিএ-টু-পরিচালক (....................................), পেট্রোবাংলা।
০৩। অফিস কপি।